

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ সেপ্টেম্বর ২০২১খ্রি.

চসিকের দ্রাম্যমাণ আদালত
ফুটপাতে মালামাল রাখার দায়ে ৬টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের
ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পন্য উৎপাদন করায় ৮০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীর কোতোয়ালী থানা এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে নন্দনকানন এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন করায় নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে একটি মিষ্টান্ন দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ৮০ হাজার টাকা এবং একই সাথে ফুটপাতে অবৈধ ভাবে দোকানের মালামাল রেখে পথচারীদের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে দুই প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭ হাজার টাকা জরিমানা করা হয়। একই দিনে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে লালখান বাজার ও কাজির দেউরী এলাকায় পরিচালিত অভিযানে ফুটপাতে অবৈধ ভাবে মালামাল রাখার দায়ে চারটি প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩